

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-১  
[www.lawjusticediv.gov.bd](http://www.lawjusticediv.gov.bd)

নং ১০.০০.০০০০.১২৫.০৮.০০৫.২০.৩০৬

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ  
৩১ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: শ্রান্তি ও বিনোদন ছুটি এবং বিনোদন ভাতা মঞ্জুর প্রসঙ্গে।


সূত্র: বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের ২৬/০৮/২০২০ খ্রিঃ তারিখের ১জে-০৫/২০২০ (অংশ-১)-৩৮৮২ জে নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিধিমালার ৩(১)(iii) বিধি, ১৯৭৯ সনের বাংলাদেশ সার্ভিসেস (শ্রান্তি বিনোদন ভাতা) বিধি এবং অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন শাখা-১ থেকে জারীকৃত ১২ জুলাই ১৯৯৯ খ্রিঃ তারিখের অম/অবি (বাঃ-১) ভাতা-১৬/৯৫/১৭৬ নম্বর ও প্রবিধি শাখা-২ থেকে জারীকৃত ২০-০৩-১৯৮৯ খ্রিঃ তারিখের অম(অবি) প্রবি-২/ছুটি-৬/৮৬-২৮ নম্বর অফিস স্মারকের মর্মানুযায়ী বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসের নিম্নবর্ণিত কর্মকর্তাগণ গত ২২/০১/২০১৭ খ্রিঃ ও ১৪/০৫/২০১৭ খ্রিঃ তারিখে চাকরিতে যোগদান করায় এবং বর্তমানে ১ম বারের মত শ্রান্তি ও বিনোদন ছুটির প্রাপ্যতা অর্জন করায় তাঁদের অনুকূলে ৩নং কলামে বর্ণিত আবেদনের তারিখ হতে পরবর্তী শ্রান্তি ও বিনোদন ছুটির প্রাপ্যতা অক্ষুণ্ন রেখে ৪নং কলামে উল্লিখিত সময়ে জন্য শ্রান্তি ও বিনোদন ছুটি এবং ৫নং কলামে উল্লিখিত মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ শ্রান্তি ও বিনোদন ভাতা হিসেবে মঞ্জুর করা হলো :

নং	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল	আবেদনের তারিখ	মঞ্জুরীকৃত ছুটি	মঞ্জুরীকৃত ভাতা
১	২	৩	৪	৫
১।	জনাব মোঃ সোহেল রানা জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, নওগাঁ	২২/০১/২০২০ খ্রিঃ	১৩/০৯/২০২০ খ্রিঃ হতে ২৭/০৯/২০২০ খ্রিঃ পর্যন্ত মোট ১৫(পনের) দিন।	সেপ্টেম্বর/২০২০ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ
২।	জনাব কামরুল হাসান জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ফেণী	০৫/০৭/২০২০ খ্রিঃ	১৩/০৯/২০২০ খ্রিঃ হতে ২৭/০৯/২০২০ খ্রিঃ পর্যন্ত মোট ১৫(পনের) দিন।	-ঐ-
৩।	জনাব মোসুমী সাহা জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, রাজবাড়ী	২০/০৭/২০২০ খ্রিঃ	১৩/০৯/২০২০ খ্রিঃ হতে ২৭/০৯/২০২০ খ্রিঃ পর্যন্ত মোট ১৫(পনের) দিন।	-ঐ-

০২। উল্লেখ্য, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বর্ণিত কর্মকর্তাগণকে মামলা জট নিরসন ও বিচারপ্রার্থী জনগণের দ্রুত বিচার প্রাপ্তির উদ্দেশ্যে উক্ত ছুটি উল্লিখিত সময়ের মধ্যে ১৫ (পনের) দিনের পরিবর্তে ০৭(সাত) দিন ভোগ করার জন্য পরামর্শ প্রদান করেছে।

০৩। উল্লিখিত কর্মকর্তাগণের শ্রান্তি ও বিনোদন ভাতা তাঁদের নিজ নিজ দপ্তরের সংশ্লিষ্ট খাত হতে বিকলনীয়।

  
(মোঃ শাহাবুদ্দিন)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৪৫৪৩১।

১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

কক্ষ নং-৫০৩, ৫ম তলা, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

২। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, নওগাঁ/ফেণী/ রাজবাড়ী।

নং ১০.০০.০০০০.১২৫.০৮.০০৫.২০.৩০৬/১(৮)

তারিখঃ ১৬ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ  
৩১ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,
- ৩। সিনিয়র সহকারী সচিব, বাজেট, আইন ও বিচার বিভাগ।
- ৪। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৫। জনাব/বেগম .....।
- ৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। গার্ড ফাইল।
- ৮। অফিস কপি।

SM  
৩১/০৮/২০  
(মোঃ শাহাবুদ্দিন)  
সিনিয়র সহকারী সচিব।